

বড়াইগ্রাম উপজেলা আইসিটি কমিটির জানুয়ারী/২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : মো: জাহাঙ্গীর আলম, উপজেলা নির্বাহী অফিসার, বড়াইগ্রাম, নাটোর।
স্থান : উপজেলা কমপ্লেক্স সম্মেলন কক্ষ, বড়াইগ্রাম।
তারিখ : ২৪ জানুয়ারী ২০২১ খ্রি:


উপস্থিত তালিকা : পরিশিষ্ট- “ক” তে সংযুক্ত।

সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানান। সভাপতি কোভিড-১৯ এর দুর্যোগকালীন সময়ে সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার অনুরোধ করে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির আহ্বানে সদস্য সচিব গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃষ্টিকরণ করা হয়। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :-

সভার আলোচনা এবং সিদ্ধান্ত :

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
২.১	উপজেলা ও ইউনিয়ন এর ওয়েব পোর্টালের তথ্য	এ উপজেলার প্রতিটি অফিসের নিজস্ব পোর্টাল ও ইউনিয়ন ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উপস্থিত অন্যান্য কর্মকর্তাগণদের নিজ নিজ ওয়েবসাইট হালনাগাদের নির্দেশনা দেন সভাপতি।	সভাপতি প্রতিটি দপ্তরের প্রধানগণদের দ্রুত হালনাগাদকরণের বিষয়ে জোর দিতে নির্দেশনা প্রদান করেন।	উপজেলা সহকারী প্রোগ্রামার ও সকল অফিসার
২.২	ই-নথি কার্যক্রম	ই-নথির কার্যক্রম বিষয়ে সভাপতি মহোদয় বলেন যে, যে সকল দপ্তরে ই-নথি কার্যক্রম চালু নেই সে সকল দপ্তর দ্রুত ই-নথি ব্যবস্থা গ্রহণ করবেন। সদস্য সচিব বলেন, ই-নথি সার্ভার হালনাগাদের কার্যক্রম চলমান থাকায় এটুআই কর্তৃক নতুন ব্যবহারকারী সংযোজন বন্ধ রয়েছে।	এটুআই কর্তৃক পরবর্তী নির্দেশনা সদস্য সচিব জানাবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সহকারী প্রোগ্রামার ও সকল অফিসার
২.৩	উপজেলা উদ্যোক্তাদের তথ্য	সভায় ইউডিসি উদ্যোক্তারা বিভিন্ন তথ্য উপস্থাপন করে। জনা নিবন্ধন নিয়ে যে সমস্যাগুলো হয় সেগুলো নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	উদ্যোক্তাদের জন্য নিবন্ধনের নতুন সিস্টেম যথাযথ ব্যবহারে সজাগ থাকার সিদ্ধান্ত প্রদান করেন।	উপজেলা নির্বাহী অফিসার / উপজেলা সহকারী প্রোগ্রামার / চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ
২.৪	শেখ রাসেল ডিজিটাল ল্যাব	কোভিড-১৯ পরিস্থিতিতে সীমিত পরিসরে পরিদর্শন চলমান রয়েছে। আইসিটি অধিদপ্তরের ল্যাব ম্যানেজমেন্ট সিস্টেম এর মাধ্যমে মনিটরিং চলমান রয়েছে।	শেখ রাসেল ডিজিটাল ল্যাব নিয়মিত পরিদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সহকারী প্রোগ্রামার
২.৫	শিক্ষা প্রতিষ্ঠানে ওয়েব সাইট তৈরী	শিক্ষা প্রতিষ্ঠানে ওয়েব সাইট তৈরী সম্পন্ন হয়নি। যে সকল প্রতিষ্ঠানে তৈরী হয়েছে সেখানেও কার্যক্রম সন্তোষজনক নয়। সভায় সভাপতি বলেন যে, ওয়েব সাইট দেখভাল করার জন্য মাধ্যমিক শিক্ষা অফিসার শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে চিঠি দিন।	০১ (এক) মাসের মধ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে তথ্যবহুল ওয়েব সাইট তৈরী করতে হবে এবং সহকারী প্রোগ্রামারের সহযোগিতা প্রদানের নির্দেশনা দেওয়া হয়।	মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা সহকারী প্রোগ্রামার
২.৬	শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাব ও মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্ত	করোনাকালীন সময়ে অনলাইনে ক্লাস কার্যক্রম চলমান রয়েছে বলে মাধ্যমিক শিক্ষা অফিসার জানান।	নিজস্ব তৈরী কনটেন্ট এর মাধ্যমে মাল্টিমিডিয়া ক্লাস নিতে হবে। উপজেলা শিক্ষা অফিসারকে প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসের জন্য চিঠি দিতে বলা হয়।	শিক্ষা অফিসার ও মাধ্যমিক শিক্ষা অফিসার
২.৭	কল সেন্টার (৩৩৩,৯৯৯, ১০৪,১০৬)	সভায় সভাপতি বলেন যে, উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে কল সেন্টারসমূহের সুবিধার বিষয়ে শিক্ষার্থীদের মাঝে ব্যাপক প্রচারনা চালাতে হবে।	কলসেন্টার গুলো ব্যবহার বৃদ্ধির জন্য ব্যাপক প্রচারনা চালাতে হবে। এ জন্য শিক্ষকমণ্ডলী ও সকল অফিস প্রধানদের অগ্রনী ভূমিকা পালন করতে হবে।	সকল অফিসার
২.৮	ইনোভেশন	সভায় সভাপতি বলেন যে, দাপ্তরিক কাজ সরল ও সহজীকরণ করার নতুন প্রক্রিয়া যদি থাকে তাহলে সেটা ইনোভেটিভ কাজ বলে গণ্য হবে এবং ইনোভেটিভ কাজের জন্য আলাদা বাজেট প্রদান ও পুরস্কৃত করা হয়।	নিজ নিজ দপ্তর কে ইনোভেটিভ কাজ করার উদ্যোগ নেওয়ার সিদ্ধান্ত হয়।	সকল অফিসার

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

 28.07.20

(মো: জাহাঙ্গীর আলম)
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা আইসিটি কমিটি
বড়াইগ্রাম, নাটোর।

ফোন : ০৭৭২৩-৫৬০২৩


ই-মেইল: unobaraigram@mopa.gov.bd

স্মারক নং : ৫৬.০৪.৬৯১৫.০০০.১৬.০০১.১৯-২০

তারিখ : ২৪ জানুয়ারী, ২০২১ খ্রি:

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

১. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁ, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩. জেলা প্রশাসক, নাটোর।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বড়াইগ্রাম, নাটোর।
৫. প্রোগ্রামার, নাটোর।
৬. উপজেলা অফিসার, বড়াইগ্রাম, নাটোর।
৭. চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ, বড়াইগ্রাম, নাটোর।
৮. জনাব বড়াইগ্রাম, নাটোর।
৯. অফিস কপি।

 28.07.2021

(আব্দুর রহমান আনসারী)
উপজেলা সহকারী প্রোগ্রামার

ও

সদস্য সচিব

উপজেলা আইসিটি কমিটি
বড়াইগ্রাম, নাটোর।

ই-মেইল: ansarydoict@gmail.com